**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# টেক্সাস এলিমেন্টারি স্কুলে প্রাণঘাতি গোলাগুলির ঘটনার পর স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইনের ব্যাপারে গভর্নর হোকলের বাড়তি পদক্ষেপ গ্রহণের প্রস্তাব

***গভর্নর হোকল: "নিউ ইয়র্ক স্টেটে, টেক্সাস স্টেটে 18 বছর বয়সী একজন ব্যক্তি কিভাবে একটি AR-15 কিনে ফেলতে পারে? সেই ব্যক্তি এখনো আইনসঙ্গতভাবে অ্যালকোহল কেনার মতো বয়সে পৌঁছায়নি। এই বিষয়টি পরিবর্তন করতে আমি আইন পরিষদের সঙ্গে কাজ করতে চাই। আমি এই সীমা 21 বছরে উন্নীত করতে চাই। আমি মনে করি এটি সাধারণ বিবেচনা বোধের একটি ব্যাপার।"***

***বাড়তি সতর্কতা হিসেবে স্টেট পুলিশকে স্কুলগুলোতে দৃষ্টিগোচরতা বৃদ্ধির জন্য নির্দেশ দিয়েছেন, স্কুলের নিরাপত্তা উন্নয়ন টিমের জরুরি বৈঠক আহবান করেছেন***

***জানুয়ারি মাসে অবৈধ আগ্নেয়াস্ত্র সম্পর্কিত আন্তঃস্টেট টাস্ক ফোর্স গঠনের পর আগ্নেয়াস্ত্র জব্দ হওয়া সম্পর্কে আপডেট জানিয়েছেন***

***স্টেট পুলিশের প্রতি মাসে অবৈধ আগ্নেয়াস্ত্র জব্দ করার পরিমাণ 60 শতাংশ পর্যন্ত বেড়েছে, 299টি আগ্নেয়াস্ত্র ট্রেস করার তদন্ত পরিচালনা করা হয়েছে যার ফলে 22টি স্টেটে লিড পাওয়া গেছে***

***নিউ ইয়র্কের সব আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা 2022 সালে প্রায় 4,000 আগ্নেয়াস্ত্র জব্দ করা হয়েছে***

সম্প্রতি টেক্সাসে ভয়ঙ্কর গোলাগুলির ঘটনায় এলিমেন্টারি স্কুলের 19 জন শিশু সহ কমপক্ষে 21 জনের প্রাণহানির ঘটনার পর, গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইন শক্তিশালী করতে এবং আইনের ফাঁকফোকর বন্ধ করতে বাড়তি পদক্ষেপ গ্রহণের প্রস্তাব দিয়েছেন। বাড়তি সতর্কতা হিসেবে গভর্নর হোকল স্টেট পুলিশকে স্টেটজুড়ে তাদের টহল এলাকাগুলোর স্কুলগুলোতে দৃষ্টিগোচরতা বৃদ্ধির নির্দেশ দিয়েছেন। এই বর্ধিত উপস্থিতির মধ্যে ইউনিফর্মধারী ও সাদা পোশাকে থাকা সদস্য উভয় দলের দ্বারা স্কুলগুলোতে চেক-ইন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে। স্কুল বর্ষের শেষ নাগাদ এই প্রচেষ্টা চলমান থাকবে।

এর আগে আজ সকালে, গভর্নর হোকল স্টেটের স্কুলের নিরাপত্তা উন্নয়ন টিমের (School Safety Improvement Team, SSIT) একটি জরুরি বৈঠক আহবান করেছেন, যেখানে স্টেট পুলিশ, স্টেটের শিক্ষা বিভাগ (Education Department), ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) এবং ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services) অন্তর্ভুক্ত রয়েছে। স্টেটজুড়ে স্কুলগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভাব্য সবকিছু করা হচ্ছে সে বিষয়টি নিশ্চিত করতে এই বৈঠকের আয়োজন করা হয়। স্যান্ডি হুক এলিমেন্টারি স্কুলে (Sandy Hook Elementary School) ঘটে যাওয়া মর্মান্তিক ঘটনার পরে 2013 সালে SSIT তৈরি করা হয়েছিল। এই টিম স্কুলগুলোর নিরাপত্তা রক্ষায় সহায়তা করতে এবং প্রতিটি স্কুলে যথাযথ নিরাপত্তা প্রটোকল এবং কর্মপদ্ধতি বিদ্যমান থাকার বিষয়টি নিশ্চিত করতে কাজ করে।

এছাড়া গভর্নর হোকল টেক্সাসের গোলাগুলির ঘটনার ভুক্তভোগীদের সম্মানে পতাকা অর্ধনমিত রাখার জন্যও নির্দেশ প্রদান করেছেন। 30 মে সোমবার দুপুর 12টা পর্যন্ত পতাকা অর্ধনমিত রাখা হবে।

"বাফেলোতে দশজন নিউ ইয়র্কবাসী খুন হওয়ার ঘটনার পর দুই সপ্তাহ পার না হতেই টেক্সাসে 19 জন শিশু ও দুইজন শিক্ষক নিহত হওয়ার ভয়ঙ্কর এই গোলাগুলির ঘটনা আমাদের দেশের সম্মুখীন হওয়া আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার মহামারির আরেকটি ক্ষুব্ধ করে দেওয়ার মতো রিমাইন্ডার," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের এসব পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন হওয়ার কথা ছিল না, কিন্তু আমি স্টেটের স্কুলের নিরাপত্তা উন্নয়ন টিমের একটি বৈঠক আহবান করছি এবং স্টেট পুলিশকে স্কুলগুলোতে দৃষ্টিগোচরতা বৃদ্ধির জন্য নির্দেশ দিয়েছি যাতে পরবর্তী ট্র্যাজেডি প্রতিরোধ করার জন্য আমরা আমাদের সাধ্যমতো সবকিছু করছি সে বিষয়টি নিশ্চিত করা যায়। আমার প্রশাসন আমাদের স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইনগুলো শক্তিশালী করতে এবং এসব ভয়ঙ্কর ঘটনার ইতি টানতে অব্যাহতভাবে কাজ করে যাবে যাতে—স্কুলগামী শিশু থেকে শুরু করে মুদি দোকানে কেনাকাটা করা ব্যক্তিরা থেকে উপাসনালয়ে গমন করা ব্যক্তিরা পর্যন্ত—প্রত্যেকে যুদ্ধের কোনো অস্ত্রের দ্বারা তাদের জীবনের ইতি ঘটবে এই ভয় ছাড়াই জীবনযাপন করতে পারেন।"

গত সপ্তাহে, বাফেলোর একটি সুপারমার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদী সন্ত্রাসবাদের ঘটনায় 10টি জীবন কেড়ে নেওয়ার সরাসরি প্রতিক্রিয়া হিসেবে, গভর্নর হোকল ক্রমশ বৃদ্ধি পেতে থাকা অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ ও সহিংস চরমপন্থী কার্যকলাপের বিরুদ্ধে লড়াই করা, স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত আইনগুলো শক্তিশালী করা এবং সহিংস কার্যকলাপ প্রচার ও সম্প্রচার করে এমন কন্টেন্ট হোস্টকারী ও বিস্তারকারী সোশ্যাল মিডিয়া প্লাটফর্মগুলো বন্ধ করার জন্য একটি সমন্বিত পরিকল্পনা উন্মোচন করেছেন।

এই প্যাকেজে দুইটি গুরুত্বপূর্ণ নির্বাহী আদেশ জারি করা অন্তর্ভুক্ত ছিল। প্রথম নির্বাহী আদেশটি অফিস অব কাউন্টার টেররিজম (Office of Counterterrorism)-এর মধ্যে শুধু অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ করার জন্য নিবেদিত একটি নতুন ইউনিট প্রতিষ্ঠা করবে, এবং একইসাথে সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অভ্যন্তরীণ সহিংস চরমপন্থী কার্যকলাপ ট্র্যাক করার জন্য নিবেদিত স্টেট পুলিশের একটি ইউনিটও প্রতিষ্ঠা করবে। দ্বিতীয় নির্বাহী আদেশটি যখনই কোনও ব্যক্তি

নিজের বা অন্যের জন্য সম্ভাব্য ক্ষতির কারণ হয়ে উঠতে পারে বলে মনে হবে তখন নিউ ইয়র্ক স্টেটে রেড ফ্ল্যাগ আইনের অধীনে একটি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ ফাইল করা স্টেট পুলিশের জন্য আবশ্যক করে।

এই প্যাকেজের অংশ হিসেবে, গভর্নর হোকল আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধের তদন্ত করা ও সেগুলো প্রতিরোধ করতে আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সহায়তা করার জন্য তৈরি করা কিছু ধারাবাহিক আইন প্রণয়নমূলক পদক্ষেপও গ্রহণ করছেন। আরো বেশি আগ্নেয়াস্ত্রকে ইতোপূর্বে বিদ্যমান আগ্নেয়াস্ত্র সংক্রান্ত বিভিন্ন আইনের আওতায় নিয়ে আসার জন্য গভর্নর আগ্নেয়াস্ত্রের সংজ্ঞা পরিমার্জন ও সম্প্রসারণ করার মাধ্যমে "অন্যান্য আগ্নেয়াস্ত্র" নামক লুপহোলটি বন্ধ করতে নতুন আইন প্রণয়নের প্রস্তাব করেছেন।

আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধের তদন্তের ব্যবস্থা করতে এবং এটি সহজতর করতে গভর্নর হোকল দুইটি বিল পাশ করার উদ্দেশ্যে আইন পরিষদের সঙ্গে কাজ করছেন। প্রথমটিতে নিউ ইয়র্কের লাইসেন্সপ্রাপ্ত ডিলারদের উৎপাদনকৃত বা ডেলিভারি পাওয়া সেমিঅটোমেটিক পিস্তল মাইক্রো স্ট্যাম্পিংযুক্ত হওয়া আবশ্যক করার জন্য একটি প্রক্রিয়া তৈরি করবে। দ্বিতীয় আইনটি সব আইন প্রয়োগকারী সংস্থার জন্য অপরাধের সাথে সংশ্লিষ্ট যেকোনো আগ্নেয়াস্ত্র সম্পর্কে জানতে পারার 24 ঘণ্টার মধ্যে তা উদ্ধারের কথা রিপোর্ট করা আবশ্যক করার মাধ্যমে আগ্নেয়াস্ত্র সম্পর্কে রিপোর্ট করার প্রটোকল শক্তিশালী করবে।

আজ ইস্ট গ্রিনবুশে নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারে (New York State Intelligence Center) ইন্ট্রা-স্টেট গান ট্রেসিং কনসোর্টিয়ামের (Intra-State Gun Tracing Consortium) দ্বিতীয় বৈঠকে বক্তব্য দিতে গিয়ে, গভর্নর হোকল আমাদের স্টেটের সড়কগুলো থেকে অবৈধ আগ্নেয়াস্ত্র সরিয়ে নেওয়ার জন্য আইন প্রয়োগকারী সংস্থাগুলোর প্রচেষ্টা সম্পর্কে একটি আপডেট জানিয়েছেন। জানুয়ারি মাসে অবৈধ আগ্নেয়াস্ত্র সম্পর্কিত আন্তঃস্টেট টাস্ক ফোর্স চালু হওয়ার পর থেকে প্রতি মাসে স্টেট পুলিশের আগ্নেয়াস্ত্র জব্দ করার পরিমাণ 60 শতাংশ পর্যন্ত বেড়েছে। 2022 সালে স্টেট পুলিশ 513টি আগ্নেয়াস্ত্র জব্দ করেছে। এই সময়কালে, স্টেটজুড়ে আইন প্রয়োগকারী সংস্থাগুলো 250টিরও বেশি গোস্ট গান সহ সর্বমোট 4,000টি আগ্নেয়াস্ত্র জব্দ করেছে।

**নিউ ইয়র্ক স্টেটের আগ্নেয়াস্ত্র জব্দকরণ, জানুয়ারি - মে 2022**

| | **জানু** | **ফেব্রু** | **মার্চ** | **এপ্রিল** | **মে থেকে এখন পর্যন্ত** | **মোট (YTD)** |
|---|---|---|---|---|---|---|
| **NYSP-এর জব্দ করা আগ্নেয়াস্ত্র** | 72 | 96 | 157 | 106 | 82 | 513 |
| **NYC-এর বাইরে জব্দ হওয়া আগ্নেয়াস্ত্র** | 269 | 367 | 327 | 395 | 185 | 1,543 |
| **NYC-তে জব্দ হওয়া আগ্নেয়াস্ত্র** | 436 | 372 | 472 | 372 | 253 | 1,905 |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **NYS-এ মোট জব্দ হওয়া আগ্নেয়াস্ত্র** | 777 | 835 | 956 | 873 | 540 | 3,961 |

*প্রতিদিন সংখ্যাগুলো আপডেট হওয়ার কারণে মে মাসে জব্দ হওয়ার সংখ্যা পরিবর্তন হতে পারে। সারণিটি মে 22 পর্যন্ত জব্দ হওয়া আগ্নেয়াস্ত্রের সংখ্যা তুলে ধরেছে*

সেইসাথে, স্টেট পুলিশ তাদের আগ্নেয়াস্ত্র ট্রেস করার আগ্রাসী প্রচেষ্টা অব্যাহত রেখেছে। 2022 সালে স্টেট পুলিশ আগ্নেয়াস্ত্র ট্রেস করার জন্য 299টি তদন্ত পরিচালনা করেছে। এসব কেস থেকে তারা 22টি স্টেটে 53টি তদন্তের লিড ফরোয়ার্ড করেছে। এসব কেস অবৈধভাবে আগ্নেয়াস্ত্র প্রক্রিয়াকরণ অথবা আগ্নেয়াস্ত্র পাচারের জন্য নিউ ইয়র্কে গ্রেপ্তার হওয়া অন্যান্য স্টেটের লোকজনের প্রতিনিধিত্ব করে।

বুধবারে অনুষ্ঠিত ইন্ট্রা-স্টেট গান ট্রেসিং কনসোর্টিয়ামের বৈঠকে স্টেট পুলিশ, ডিপার্টমেন্ট অব কারেকশন্স এন্ড কমিউনিটি সুপারভিশন (Department of Corrections and Community Supervision) এবং ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর পাশাপাশি অ্যালকোহল, তামাক, আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক বিষয়ক ব্যুরো (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives), যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি অফিস (Attorney's Office), অ্যাটর্নি জেনারেলের দপ্তর (Office of the Attorney General), নিউ ইয়র্ক সিটির পুলিশ বিভাগ (New York City Police Department), পোর্ট অথরিটি পুলিশ বিভাগ (Port Authority Police Department) এবং বিভিন্ন স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধি ও ডিস্ট্রিক্ট অ্যাটর্নিগণ উপস্থিত ছিলেন। গ্রুপটি আগ্নেয়াস্ত্র জব্দ হওয়ার সাম্প্রতিক ডাটা এবং সড়ক থেকে অবৈধ আগ্নেয়াস্ত্র সরানো ও নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য সাম্প্রতিক কৌশলগুলো নিয়ে আলোচনা করেছে।

আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের জন্য ইন্টেলিজেন্স, সরঞ্জাম, উপায় ও কৌশলগুলো শেয়ার করার জন্য জানুয়ারি মাসে অবৈধ আগ্নেয়াস্ত্র সম্পর্কিত আন্তঃস্টেট টাস্ক ফোর্স আহবান করার মধ্য দিয়ে গভর্নর হোকল বিভিন্ন স্টেটজুড়ে ও সর্বস্তরের আইন প্রয়োগকারী সংস্থাগুলোর মধ্যকার সমন্বয় জোরদার করার বিষয়টিকে অগ্রাধিকার দিয়েছেন, বিশেষ করে যেহেতু এটি বিভিন্ন স্টেটের মধ্যে আগ্নেয়াস্ত্র পাচার হওয়ার সাথে সম্পর্কিত। উত্তরপূর্ব অঞ্চলের নয়টি স্টেটের 50টিরও বেশি আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিদের নিয়ে টাস্ক ফোর্সটি গঠন করা হয়েছে।

###